

# বীরশ্রেষ্ঠ মুঙ্গী আব্দুর রউফ পাবলিক কলেজ

## অনলাইন ক্লাসের জন্য করণীয়(প্রতিষ্ঠান খোলার পূর্ব পর্যন্ত) :

- ১। ভর্তির সময় শ্রেণি শিক্ষকের ফেইসবুক আইডি জানতে হবে। শ্রেণি শিক্ষকের ফেইসবুক আইডি'র সাথে সংশ্লিষ্ট সেকশনের প্রত্যেক শিক্ষার্থী যুক্ত হবে। শ্রেণি শিক্ষকগণ নিজ নিজ গ্রুপে শিক্ষার্থীদের যুক্ত করবেন। বিভিন্ন সময়ে নোটিশ/নির্দেশনা/ক্লাসের লিংক গ্রুপেই প্রদান করা হবে। গ্রুপে ব্যক্তিগত বা প্রতিষ্ঠান বিরোধী কোন ম্যাসেজ দেয়া যাবে না।
- ২। শ্রেণি কার্যক্রমের জন্য গুগল মিট এপস ব্যবহার করা হবে :  
ক) মোবাইল ব্যবহারকারীদের জন্য : প্লে-স্টোর থেকে গুগল মিট এপসটি ইনস্টল করতে হবে।  
খ) ল্যাপটপ/পিসি ব্যবহারকারীদের জন্য : ব্রাউজারে জিমেইল একাউন্ট দিয়ে লগ ইন করা থাকলে গুগল মিট এপস ইনস্টল করার প্রয়োজন নেই। (জিমেইল একাউন্টের প্রোফাইল, অবশ্যই তোমার নিজের মার্জিত ছবি হতে হবে)
- ৩। গুগল মিট এ ক্লাস করার সময় যে সব বিষয়ে সচেতন হতে হবে (যেহেতু পুরো ক্লাসটির ভিডিও রেকর্ডিং করা হয়)-  
ক) ক্লাস করার সময় ক্যামেরা অন রাখতে হবে।  
খ) কमेंট বক্সে শুধুমাত্র নাম রোল প্রশ্ন লিখবে। অহেতুক কথাবার্তা লিখা যাবে না।  
গ) কোন কিছু জানার থাকলে, চ্যাট লিস্টে লিখে অনুমতি নিয়ে সাউন্ট আনমিউট করে প্রশ্ন/কথা বলতে হবে, কথা বলার শেষ হলে আবারো মিউট করে রাখতে হবে।  
ঘ) প্রথাম পিরিয়ডের সময় ৫০ মিনিট অন্য সকল ক্লাসের সময় ৪০মিনিট করে বরাদ্দ থাকবে। তাই শিক্ষার্থীরাপর্যাপ্ত মোবাইল ডাটা/ওয়াই-ফাই কানেকশন নিশ্চিত করে ক্লাসে যুক্ত হবে।  
ঙ) প্রতি ক্লাসের লিংক মেসেঞ্জার ফেসবুক গ্রুপে দেয়া হবে। লিংকটি ক্লিক করলেই তোমাকে আমাদের ক্লাসে যুক্ত করা হবে।  
চ) ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক, ক্লাসে উপস্থিতি থেকে ২০% নম্বর সেমিস্টার পরীক্ষায় যোগ হবে। ৮০% এর কম উপস্থিতি থাকলে সেমিস্টার পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

## অবশ্য পালনীয় বিষয়সমূহ (প্রতিষ্ঠান খোলার পর)

- সময়মত প্রতিষ্ঠানে আগমন করবে।
- সঠিক ও পরিচ্ছন্ন ইউনিফর্ম পরিধান করবে।
- সঠিক জুতা-মোজা ও বেল্ট পরিধান করবে।
- ছেলেদের চুল ছোট রাখতে হবে।
- কোনোভাবেই চুলে রঙ করা যাবে না।
- মেয়েদের গহনা / অলংকার ব্যবহার করা যাবে না।
- মেয়েদের চুলে দুই বেণী করে আসতে হবে।
- স্টিলের স্কেল বহন করা যাবে না।
- প্রতিষ্ঠানে মোবাইল ফোন বহন করা যাবে না।
- প্রতিষ্ঠানের শৃঙ্খলা কঠোর ভাবে পালন করতে হবে।
- ডাস্টবিন ছাড়া যত্রতত্র ময়লা ফেলা যাবে না।
- সঠিক সময়ে টিফিন শেষ করতে হবে।
- চলাচলে অবশ্যই ফুটপাত ব্যবহার করতে হবে।
- আইডি কার্ড সব সময় ঝুলিয়ে রাখতে হবে।
- পরস্পর সালাম / স্ব স্ব ধর্মীয় অভিবাদন বিনিময় করতে হবে।
- রঙিন স্কার্ফ পরিধান করা যাবে না।
- ক্যান্টিনে সারিবদ্ধভাবে টিফিন গ্রহণ করতে হবে।
- টিফিন পিরিয়ড ব্যতীত টিফিন গ্রহণ করা যাবে না।
- পানির বোতল / ছোট ফ্লাস্ক সঙ্গে রাখতে হবে
- খাবার পানি অপচয় / অন্য কাজে ব্যবহার করা যাবে না
- ব্যক্তিগত পরিচ্ছন্নতা (নখ কাটা, নিয়মিত দাঁত ব্রাশ, নিয়মিত গোসল, চুল ছোট রাখা), অবশ্যই মেনে চলতে হবে।